


কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৩ জানুয়ারি, ২০২১

বিষয়: কোস্ট পরিবার, অফিস ও আবাসনসমূহের জীবানুমুক্ত করণে প্রতিদিন ধাপে ধাপে করণীয় কাজ ও মান বজায় রাখা এবং কর্মীদের স্বাস্থ্যসেবাকে আরো গতিশীল করার নির্দেশনাসমূহ

১. প্রতিদিন ভোরে অফিস শুরু এক ঘণ্টা পূর্বে
 - প্রথমত: দরজা, জানালা, টেবিল মুছে ময়লা নিচে ফেলা
 - দ্বিতীয়ত: ঝাড়ু দিয়ে পুরো ঘর পরিষ্কার করা
 - তৃতীয়ত: ব্লিচিং দ্রবণ ফ্লোরে ছিটিয়ে দেওয়া
 - চতুর্থত: টেবিল এবং আসবাবপত্র জীবানুমুক্তকরণ দ্রবণ দিয়ে স্প্রে করে তারপর সাদা রুমাল দিয়ে মুছে ফেলা, যাতে শুকনো দেখা যায়।
 - পঞ্চমত: মপ বা পরিষ্কার কাপড় দিয়ে ফ্লোর মুছে ফেলা
 - ষষ্ঠত: ট্যাপ, Shower, greel, জানালা, দরজা ও আলমারির হাতলগুলো প্রথমে স্যাভেলন পানি দিয়ে স্প্রে করে পরে শুকনো পরিষ্কার সাদা রুমাল দিয়ে মুছে ফেলতে হবে
 - সপ্তমত: Lemon grass সুগন্ধি স্প্রে করতে হবে। রুমের চারকোণায় চারবার চাপ দিয়ে স্প্রে করতে হবে।
২. আবাসস্থলসমূহ ভোরে অফিস শুরুর পর একবার পরিষ্কার করতে হবে।
৩. যেসব যন্ত্রপাতি ব্যবহার করা হবে
 - ড্রাম স্প্রে বা Electric Spray মেশিন
 - Disinfection liquid Spray Bottle
 - ফুলঝাড়ু
 - মপ
 - সাদা কটন রুমাল (কোনভাবে পুরানো কাপড়/ছেঁড়া ন্যাকড়া নয়)
৪. সবাইকে জুতো বা কেডস পরে আসতে হবে। তবে তা বাইরে নির্দিষ্ট র্যাকে রেখে নিজ উদ্যোগে স্যাভেল (তলা কোনভাবেই কালো-ময়লা নয়) মোজাসহ পরে অফিসে প্রবেশ ও চলাচল করতে হবে।
৫. বাথরুম ব্যবহারের জন্য অফিস থেকে প্রদত্ত স্যাভেল যা বাথরুমের বাইরে রাখা তা ব্যবহার করতে হবে। নিজস্ব স্যাভেল ব্যবহার করা যাবে না।
৬. বাথরুম ড্রাই বা শুকনা রাখার জন্য সতর্কতা ও নির্দেশনা মেনে চলুন। বাথরুমে যা যা থাকবে-
 - লিকুইড বা হ্যান্ডওয়াশ
 - টিস্যু পেপার
 - মাউথ ওয়াশ
 - Clean করার পর Lemon grass সুগন্ধি স্প্রে করতে হবে।
 - ওডেনিল বা একটা পটে ৪/৫টা করে ন্যাপথলিন
- প্রতিটি টয়লেটের দরজার সামনে সুতোর পাপোস থাকবে। যা ৭দিন পর পর ধুয়ে শুকিয়ে ব্যবহার করতে হবে।



সুগন্ধি স্প্রে



ঘর মোছার মপ

03 JAN 2021

Sanat K. Bhowmik
Deputy Executive Director
COAST Trust

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

03 JAN 2021

৭. অফিসের বাথরুম অফিস চলাকালীন কমপক্ষে দিনে তিনবার পরিষ্কার করতে হবে।
৮. তাপমাত্রা ২২ডিগ্রি সেলসিয়াসের নিচে চলে গেলে যেখানে বিদ্যুৎ আছে সেখানে রুম হিটার ব্যবহার করবেন। বাজারে Walton বা Rowa এর রুম হিটার পাওয়া যায়।
৯. অফিস ও আবাসস্থলের ছাদ ও দেয়ালসমূহ off white রঙ করতে হবে।
১০. দেয়ালে ও দরজাগুলোয় কোন কাগজ/সার্কুলার/ক্যালেন্ডার টাঙ্গানো যাবে না। শুধু অফিসের ইয়ার প্ল্যানার টাঙ্গানো যাবে তাও আলাদা প্রজেকশন বোর্ডের মাধ্যমে। কোন সার্কুলার ১৫ দিনের বেশি টাঙ্গিয়ে রাখা যাবে না। প্রয়োজনে অতিরিক্ত প্রজেকশন বোর্ড ব্যবহার করতে হবে।
১১. প্রতি অফিসে কমপক্ষে ১টি white বা লেখার বোর্ড ও ১টি প্রজেকশন বোর্ড থাকবে।




ঘর মোছার মপ

১২. প্রত্যেক ট্রেনিং সেন্টার ও আঞ্চলিক অফিসের বাথরুমের গরম পানির (গিজার) ব্যবস্থা করতে হবে।
১৩. মৌলিক কর্মসূচির অফিসসমূহ ছাড়া অন্য অফিসগুলোতে Movement Board থাকবে।
১৪. অফিস ও আবাসনসমূহের জানালাসমূহে পর্দা দিতে হবে। যার রঙ হবে off white এবং খদ্দের কাপড়ের।
১৫. অফিসের আবাসনসমূহে কোন কর্মী প্রয়োজনের বেশি (সর্বোচ্চ ৩ প্রস্থ) কাপড় রাখতে পারবেন না।
১৬. অফিসের আবাসনসমূহে প্রত্যেক কর্মী নিজ দায়িত্বে সব সময় বিছানা গুছিয়ে রাখবেন।
১৭. প্রতিটি অফিসের বাইরের দরজার সামনে নারকেলের ছোবড়ার পাপোস থাকবে।
১৮. এই নির্দেশনার যে জিনিসগুলো স্থানীয় বাজারে পাওয়া যাবে না, তা সরাসরি ঢাকা অফিসের জনাব হাসিবুল হককে ফোন দিয়ে সংগ্রহ করতে হবে।




বাথরুম মোছার মপ

১৯. স্বাস্থ্যবিধি:
 - গরমপানি দিয়ে গ্লাস ধুয়ে পানি পান করা
 - পানির ফিল্টারগুলো নিয়মিত কিট পরিবর্তন করা (১৫০০ লিটার পানি ছাঁকার পর জার্মিকট পরিবর্তন করতে হয়। সম্পূর্ণ লাল হয়ে গেলে বুঝতে হবে এটি আর কাজ করবে না।)
 - অগ্নি নির্বাপন যন্ত্র (ফায়ার এক্সটিংগুইশার) নিয়মিত চেক করা এবং মেয়াদ চলে গেলে তা পরিবর্তন করা।
২০. উপরোক্ত সকল নির্দেশাবলীর বাস্তবায়ন অনতিবিলম্বে নিশ্চিত করার দায়বদ্ধতা অফিস প্রধানের। এব্যাপারে তিনি সাপোর্ট স্টাফদের প্রশিক্ষণ দিবেন। অন্তত প্রতি একদিন পর পর নিজে অকুস্থলে পরীক্ষা করবেন এবং সাপোর্ট স্টাফদের নিয়ে প্রতি সপ্তাহে সভা করবেন।

প্রস্তুতকরণে

 সনত কুমার ভৌমিক
 উপ-নির্বাহী পরিচালক

03 JAN 2021

অনুমোদনক্রমে

 রেজাউল করিম চৌধুরী
 নির্বাহী পরিচালক

03 JAN 2021